

বার্ষিক উদ্ভাবনী প্রকাশনা

(২০২০-২০২১)



বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

প্রকাশকালঃ ৬ মে ২০২১ খ্রি.

সুচিপত্র

ক্রমিক	বিষয়
০১।	“বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন পরিভাষা” বিষয়ক শব্দকোষ প্রকাশ।
০২।	অনলাইন রিকুইজিশন ব্যবস্থাসহ ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ।
০৩।	মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ওয়েব ভিত্তিক ই-লাইব্রেরি চালুকরণ।

উদ্ভাবনের নাম : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন পরিভাষা বিষয়ক শব্দকোষ প্রকাশ।


উদ্যোগের বিষয়বস্তু : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন সংক্রান্ত টেকনিক্যাল শব্দাবলি এবং শব্দাবলির ব্যাখ্যা বাংলা ও ইংরেজি ভাষায় একটি বই আকারে পাওয়া যাচ্ছে।

উদ্যোগ চালুর তারিখ : ১৫ ডিসেম্বর, ২০২০ খ্রি.

উদ্যোগ বাস্তবায়ন স্থল : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

কর্মক্ষেত্রে সাহিত্য উন্নয়নসমূহ:

- (ক) উদ্যোগটি বাস্তবায়নের ফলে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন সংশ্লিষ্ট সকল টেকনিক্যাল শব্দ একটি বই-এ অন্তর্ভুক্ত করা সম্ভব হয়েছে;
- (খ) দাপ্তরিক প্রয়োজনে যে কোন টেকনিক্যাল শব্দ ও শব্দের ব্যাখ্যা সহজে খুঁজে পাওয়া যাচ্ছে;
- (গ) শব্দকোষটি যে কোন পাঠককে এ মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে একটি প্রাথমিক ধারণা প্রদান করবে;
- (ঘ) সরকারি কর্মকর্তা ছাড়াও আকাশপথে চলাচলকারী ও বিমানবন্দর ব্যবহারকারী সম্মানিত যাত্রী এবং পর্যটন কেন্দ্রে ভ্রমণরত যেকোন পর্যটক এই পুস্তিকা থেকে তথ্য নিয়ে উপকৃত হবেন।



উদ্ভাবনের নাম : অনলাইন রিকুইজিশন ব্যবস্থাসহ ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ।


উদ্যোগের বিষয়বস্তু : সঠিক ও স্বচ্ছভাবে স্টোরের মালামালের হিসাব রাখাসহ রিকুইজিশন ব্যবস্থা সহজিকরণ করা সম্ভব হয়েছে।

উদ্যোগ চালুর তারিখ : ১৪ অক্টোবর, ২০২০ খ্রি.

উদ্যোগ বাস্তবায়ন স্থল : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহ:

- (ক) প্রয়োজনীয় মালামালের জন্য অনলাইনে চাহিদাপত্র প্রেরণ করা যাচ্ছে এবং যিনি চাহিদা পত্র প্রেরণ করবেন তিনি তার প্রাধিকার অনুযায়ী মালামালের প্রাপ্যতা যাচাই করতে পারছেন;
- (খ) চাহিদাপত্র অনলাইনে প্রেরণ করা হচ্ছে বিধায় তা হারিয়ে যাওয়ার সম্ভাবনা নেই;
- (গ) চাহিদাপত্র অনুমোদন হয়েছে কিনা বা মালামাল প্রদানের জন্য শাখা প্রস্তুত কিনা তা অনলাইনে যাচাই করা যাচ্ছে এবং চাহিদাপত্র অনুমোদিত হলে চাহিদা প্রেরণকারী কর্মকর্তাকে মোবাইল এসএমএস এবং ই-মেইলের মাধ্যমে তা জানিয়ে দেওয়া হয়;
- (ঘ) প্রাধিকার অনুযায়ী কোন কর্মকর্তা কোন মালামাল কি পরিমাণ পাবে তা চাহিদাপত্র অনুমোদনকালে তাৎক্ষণিক যাচাই করা যাচ্ছে এবং যিনি চাহিদাপত্র দিচ্ছেন তিনিও জানতে পারছেন যে প্রাধিকার অনুযায়ী তিনি কোন মালামালে কি পরিমাণ পাবেন;
- (চ) স্টোরে কোন মালামাল মোট কি পরিমাণ মজুদ আছে তা তাৎক্ষণিকভাবে নির্ধারণ করা যাচ্ছে এবং স্টোরে মালামাল গ্রহণ, বিতরণ এবং মজুদ সংক্রান্ত যেকোন রিপোর্ট তাৎক্ষণিকভাবে প্রস্তুত করা যাচ্ছে;



উদ্ভাবনের নাম : মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের ব্যবহারের জন্য ই-লাইব্রেরি তৈরি।


উদ্যোগের বিষয়বস্তু : মন্ত্রণালয়ের নিজস্ব লাইব্রেরিতে রক্ষিত বইসমূহ ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ ও অনলাইনে পড়ার জন্য ই-লাইব্রেরি তৈরি করা হয়েছে।

উদ্যোগ চালুর তারিখ : ১৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.


উদ্যোগ বাস্তবায়ন স্থল : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

কর্মক্ষেত্রে সাথিত উন্নয়নসমূহ:

- উদ্যোগটি বাস্তবায়নের ফলে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিজস্ব লাইব্রেরিতে রক্ষিত বই ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা সম্ভব হয়েছে;
- ওয়ের ভিত্তিক ই-লাইব্রেরি তৈরি হওয়ায় রিকুইজিশন এর মাধ্যমে বই সংগ্রহ করার প্রয়োজন হচ্ছিল;
- মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ যেকোন সময়ে যেকোন স্থানে বসে ই-লাইব্রেরিতে রক্ষিত বই পড়া, ডাউনলোডসহ প্রিন্ট করতে পারছেন;
- ই-লাইব্রেরি ব্যবহারকারীগণ পছন্দের/প্রয়োজনীয় বইসমূহের বুকলিষ্ট তৈরি করে রাখতে পারবেন;
- একজন ই-লাইব্রেরির ব্যবহারকারী প্রয়োজনে অন্য ব্যবহারকারীর সাথে প্রয়োজনীয় বই শেয়ার করতে পারবেন।



E-Library Management System
Ministry of Civil Aviation
and Tourism



SIGN IN SIGN UP

Email or Phone Number

Password

[Forgot password?](#)

SIGN IN

English বাংলা

Copyright © Ministry of Civil
Aviation and Tourism
Developed By SIMEC System Ltd.

Contact Address:
Bangladesh Secretariat, Dhaka-1000
Phone: 02-9545024 Email: mehedimocat.gov.bd